

U.G. 6th Semester Examination - 2020**BENGALI****Course Code: BBNGCCHT602****Course Title: সীমান্ত বাংলার লোকসাহিত্য**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$
- ক) কাশীপুর রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন, এমন একজন ঝুমুরকবির নাম লেখো।
- খ) পশ্চিমবঙ্গ সরকারের 'লালন পুরস্কার' প্রাপ্ত ঝুমুর শিল্পীর নাম লেখো।
- গ) ঝুমুরের একটি রাগ বা সুরের নাম লেখো।
- ঘ) কোন্ দিন 'টুসু' বোধন বা স্থাপনা করা হয়?
- ঙ) 'টুসু' বিসর্জন হয় কবে?
- চ) কোন্ ফুল দিয়ে 'টুসু' বোধন বা স্থাপনা করা হয়?
- ছ) প্রচলিত কাহিনী অনুসারে 'ভাদু'র উৎপত্তি স্থল কোথায়?
- জ) কোন্ দিন 'ভাদু জাগরণ' অনুষ্ঠিত হয়?
- ঝ) 'ভাদুগান' মূলত কারা পরিবেশন করে?

[পরের পাতায়]

- ঞ) ভারত সরকারের 'পদ্মশ্রী' পুরস্কার প্রাপক একজন ছো-শিল্পীর নাম লেখো।
- ট) 'ছো'-নাচের 'মুখোশ' তৈরী হয় কোথায়?
- ঠ) 'ছো'-শিল্পীরা 'মুখোশ'-কে কি বলে?
- ড) 'ছো'-নাচের সঙ্গে সংযুক্ত একটি প্রধান বাদ্যযন্ত্রের নাম লেখো।
- ঢ) 'চৌড়ল'-র ব্যবহার কোন্ পরবে হয়?
- ণ) 'টুসু' পরবের আগের দিনটাকে কি নামে চিহ্নিত করা হয়?
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$
- ক) কে, কোন্ গ্রন্থে 'ঝুমুর'কে 'প্রায় শৃঙ্গার বহুলা' বলে অভিহিত করেছেন?
- খ) 'ঝুমুর' গানের সঙ্গে যুক্ত নৃত্যশিল্পীকে কি বলে? এই নৃত্যশিল্পের সঙ্গে যুক্ত শিল্পীর নাম লেখো— যিনি পশ্চিমবঙ্গ সরকারের প্রদত্ত ১৯৯৪ সালে 'লালন পুরস্কার'-এ ভূষিত হয়েছিলেন।
- গ) 'তুষ-তোষলী ব্রত'-র সঙ্গে 'টুসু'-র সম্পর্ক নির্ণয় করো।
- ঘ) 'ছো-নৃত্যে'র কয়টি ধারা আছে? সেই ধারাগুলির নাম লেখো।
- ঙ) 'ছো-নৃত্যে'র 'চাইল'গুলির উল্লেখ করো।
- চ) 'ভাদু' কে? কে, কোন্ রাজবাড়িতে নিয়মিত ভাদু গান পরিবেশন করতেন?
- ছ) 'টুসু গীতের রং' বলতে কি বোঝানো হয়? একটি উদাহরণ দাও।
- জ) 'ভাদু জাগরণ'-এ ইতিকর্তব্যগুলি উল্লেখ করো।

687/Beng.

[2]

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) 'দরবারী' বা 'বৈঠকী' ঝুমুর বিষয়ে সংক্ষিপ্ত টীকা লেখো।

খ) 'ভাদুলী ব্রত' ও 'ভাঁজো' সম্পর্কে আলোচনা করো।

গ) সীমান্ত বাংলার কোন্ উৎসবকে এবং কেন 'নারী মুক্তির উৎসব' বলা হয়, তা আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) ভাদুগানে নারী সমাজ জীবনের যে চিত্র ফুটে উঠেছে তা নিজের ভাষায় আলোচনা করো।

খ) সীমান্ত বাংলার ঝুমুর গানের ভাগগুলি উল্লেখ করে সংক্ষিপ্ত আলোচনা করো।

গ) 'ছো' নৃত্যের একটি ধারা সম্পর্কে নাতীর্ঘ আলোচনা করো।
